গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয়: ফেব্রুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ সাইদুল আরীফ<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.। |
| সভার সময় | : | সকাল ১১.১৫ টা। |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| বিবেচ্য মাস | : | জানুয়ারি, ২০২৪ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং ২৮/০১/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। অত:পর এ মাসের আলোচ্যসূচি মোতাবেক ধারাবাহিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>সভার প্রারম্ভে ২৮/০১/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রাম। |
| ২ | **উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত/ সংস্কার সংক্রান্ত:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা ভূমি অফিস, পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুন: নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামের নিকট হতে প্রাপ্ত চাহিদার ভিত্তিতে ২০২৩-২০২৪ অর্থবছরে এ জেলার ৬ টি উপজেলা ভূমি অফিস এবং ২২ টি ইউনিয়ন ভূমি অফিস মোট ২৮ (আটাশ) টি ভূমি অফিস ভবন মেরামত ও সংস্কারের জন্য প্রস্তাব এ কার্যালয়ের স্মারক নং -৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮.১০৮২, তারিখ: ২০ আগষ্ট ২০২৩ মোতাবেক ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের ১০ জানুয়ারি ২০২৪ তারিখের ৩১.০০. ০০০০.০৩৮.২০.০২৪.২৩.০৪ নম্বর স্মারকে উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিস সমূহের মেরামত/সংস্কারের এ জেলার জন্য সর্বমোট =২৪,৬১,৫৩৮/- (চব্বিশ লক্ষ একষট্রি হাজার পাঁচশত আটত্রিশ) টাকা বরাদ্দ পাওয়া গেছে।<br>ভূমি মন্ত্রণালয় হতে উল্লিখিত পূর্তকমে মঞ্জুরিকৃত বরাদ্দ এবং জরুরি মেরামত/সংস্কারের প্রয়োজন এরুপ অগ্রাধিকারভিত্তিক উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিসের তালিকা পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সদস্যবৃন্দ অগ্রাধিকারভিত্তিক নিম্নোক্তভাবে উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস মেরামত/সংস্কারের ব্যয় বিভাজনের মতামত প্রদান করেন। | উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে নিম্নে উল্লিখিত ৪ (চার) টি উপজেলা ভূমি অফিস এবং ৫(পাঁচ) টি ইউনিয়ন ভূমি অফিসসহ মোট ৯ (নয়) টি ভূমি অফিসের মেরামত/সংস্কার কাজের জন্য সর্বমোট =২৪,৬১,৫৩৮/- (চব্বিশ লক্ষ একষট্টি হাজার পাঁচশত আটত্রিশ) টাকার ব্যয় বিভাজন অনুমোদন করা হলো।<br>২০২৩-২০২৪ অর্থবছরে মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর ভবন মেরামত ও সংস্কারের বিভাজনকৃত অর্থের ব্যয় প্রাক্কলন দ্রুত এ কার্যালয়ে প্রেরণ এবং প্রাপ্ত বরাদ্দ দ্বারা আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক মেরামত/ সংস্কার কাজ সম্পন্ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কুড়িগ্রাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | উপজেলার নাম | মেরামত/সংস্কারযোগ্য উপজেলা,পৌর ও ইউনিয়ন ভূমি অফিসের নাম | বরাদ্দকৃত অর্থের বিভাজন |
|---|---|---|---|
| ১ | নাগেশ্বরী | ১। ইউনিয়ন ভূমি অফিস, নারায়নপুর,নাগেশ্বরী কুড়িগ্রাম এর অফিস মেরামত/সংস্কার | ২,৫০,০০০/০০ |
| | | ২। ইউনিয়ন ভূমি অফিস, মাদারগঞ্জ,নাগেশ্বরী কুড়িগ্রাম এর অফিস মেরামত/সংস্কার | ২,১১,৫৩৮/০০ |
| ২ | ভূরুঙ্গামারী | ১। ইউনিয়ন ভূমি অফিস, সোনাহাট,ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম এর ভূমি বোটানিক্যাল গার্ডেনের বাথরুম ও টয়লেট কমপ্লেক্স নির্মাণ | ৫,০০,০০০/০০ |
| ৩ | ফুলবাড়ী | ১। উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর রেকর্ডরুম ও স্টাফ ওয়াশরুম সংস্কার | ৩,০০,০০০/০০ |
| ৪ | উলিপুর | ১। উপজেলা ভূমি অফিস, উলিপুর,কুড়িগ্রাম এর রেকর্ডরুমের দেয়াল,মেঝে ও ছাদ মেরামত | ৪,০০,০০০/০০ |
| | | ২। উপজেলা ভূমি অফিস, উলিপুর, কুড়িগ্রাম এর "মহিলা ও শিশু কর্নার" এর দেয়াল, মেঝে ও ছাদ মেরামত এবং টয়লেট নির্মাণ | ২,০০,০০০/০০ |
| | | ৩। ইউনিয়ন ভূমি অফিস,দূর্গাপুর, উলিপুর, কুড়িগ্রাম এর প্রধান ফটক নির্মাণ, নির্মিত সীমানা প্রাচীর রং করানো ও টয়লেট মেরামত | ২,০০,০০০/০০ |
| ৫ | চর রাজিবপুর | ১। উপজেলা ভূমি অফিস, চর রাজিবপুর, কুড়িগ্রাম ও ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন সেবাগ্রহীতাদের জন্য গোলঘর আধুনিকীকরণ এবং মাটি ভরাটসহ ফুলের বাগান নির্মাণ | ২,০০,০০০/০০ |
| | | ২। ইউনিয়ন ভূমি অফিস, মোহনগঞ্জ, চর রাজিবপুর, কুড়িগ্রাম এর গোলঘর নির্মাণ | ২,০০,০০০/০০ |
| | | সর্বমোট= | ২৪,৬১,৫৩৮/০০ |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩ | **জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা:**<br>কুড়িগ্রাম জেলায় নির্মিত উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকার ২৯/০৮/২০১৮ তারিখের- ৩১.০০.০০০০.০৯০. ১৪. ০১৪.১৭. ৪৯৯ নং স্মারক মোতাবেক ইতোপূর্বে জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন। জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।<br>নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণের নিমিত্ত জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | প্রত্যেকটি উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ/মেরামত/ সংস্কার কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রাম। |

সভায় উপস্থিত সকল সদস্যগণের উপর্যুক্ত মতামত ও আলোচনার প্রেক্ষিতে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হলো:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (১) | ২০২৩-২০২৪ অর্থবছরে মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর ভবন মেরামত ও সংস্কারের বিভাজনকৃত অর্থের ব্যয় প্রাক্কলন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ..............., কুড়িগ্রাম<br>২। সহকারী কমিশনার (ভূমি),................,কুড়িগ্রাম |
| (২) | এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ,২০০৬ এবং পিপিআর,২০০৮(সর্বশেষ সংশোধনী) অনুসরণসহ যাবতীয় অর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ..............., কুড়িগ্রাম<br>২। সহকারী কমিশনার (ভূমি) ,................,কুড়িগ্রাম |
| (৩) | ভূমি মন্ত্রণালয়ের মন্ত্রণালয়ের চলমান প্রকল্প/কর্মসূচির (যদি থাকে) ব্যয়ের সাথে এই ব্যয়ের দ্বৈততা পরিহার করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ...............,কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি),................,কুড়িগ্রাম। |
| (৪) | প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার ,..............,কুড়িগ্রাম।<br>৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি),..............,কুড়িগ্রাম। |

চলমান-৩

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (৫) | বরাদ্দকৃত অর্থ দ্বারা আগামী ৩০/০৫/২০২৪ তারিখের মধ্যে মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করে কাজ সমাপ্তির প্রতিবেদনসহ জেলা প্রশাসক,কুড়িগ্রাম বরাবর বিল দাখিল করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার,................,কুড়িগ্রাম<br>২। সহকারী কমিশনার (ভূমি),................,কুড়িগ্রাম |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের এবং স্ব স্ব কার্যালয়ে আগত জনসাধারণকে প্রদত্ত সেবার মানোন্নয়নে আরো তৎপর হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০২/২০২৪

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর
আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের
জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮. ২২৬ (২৫)

তারিখ : ১৪ ফাল্গুন, ১৪৩০
২৭ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম।
৭। উপজেলা নির্বাহী অফিসার,................................,(সকল), কুড়িগ্রাম।
৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
৯। সহকারী কমিশনার (ভূমি),,..............................,(সকল)কুড়িগ্রাম।
১০। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি ।

২৭/০২/২০২৪
জেলা প্রশাসক
কুড়িগ্রাম